



নাগরিকদের



নির্দেশিকা

Adirondack Park Agency
ভূমি ব্যবহারের বিধি সম্পর্কে



NEW YORK STATE
ADIRONDACK PARK AGENCY

Kathy Hochul, গভর্নর
Barbara Rice, কার্যনির্বাহী পরিচালক

নির্দেশনা এবং সহায়তা

Adirondack Park Agency
Adirondack Park-এর বেসরকারি
মালিকানাধীন জমিতে উন্নয়ন নিয়ন্ত্রণ
করে। আপনার সম্পত্তি বিকাশ করার
আগে, আপনার APA-এর থেকে একটি
অনুমতি নেওয়ার প্রয়োজন হতে পারে।
আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে এই
নির্দেশিকাটি পড়ুন এবং ফোনে বা
সশরীরে এজেন্সির কর্মচারীর সঙ্গে
যোগাযোগ করুন।

New York স্টেটের যে কোনো
বিকাশমূলক প্রকল্পের মতোই,
আপনার প্রকল্পিত কর্মকাণ্ডের জন্য
একের বেশি অনুমতি নেওয়ার
প্রয়োজন হতে পারে। অনুগ্রহ করে
আপনার প্রস্তাবিত প্রকল্পে প্রযোজ্য
হতে পারে অন্যান্য এমন বিধি এবং
অনুমতির প্রয়োজনীয়তা সম্পর্কে
অন্যান্য স্টেটের এজেন্সি এবং
আপনার স্থানীয় শহর বা গ্রামের
অফিসের সাথে যোগাযোগ করে এই
ব্যাপারে পরীক্ষা করে দেখুন।

(518) 891 -4050

NEW YORK STATE
ADIRONDACK PARK AGENCY
P.O. Box 99
Ray Brook, New York 12977
www.apa.ny.gov

Adirondack Park Agency ভূমি ব্যবহারের বিধি সংক্রান্ত এই নাগরিক নির্দেশিকা
আপনাকে Adirondack পার্কের মধ্যে বেসরকারি জমি সংক্রান্ত এজেন্সির বিধির সাথে
পরিচিত হতে সাহায্য করবে এবং আপনি যখন এজেন্সিকে প্রশ্ন করবেন তখন আপনাকে
সাহায্য করবে। এই নির্দেশিকাটি আপনার সমস্ত প্রশ্নের উত্তর নাও দিতে পারে এবং
আপনার কোনো অনুমতি নেওয়ার প্রয়োজন আছে কিনা তা নির্ধারণ করার জন্য
আপনাকে পর্যাপ্ত তথ্য নাও দিতে পারে। অনুগ্রহ করে এজেন্সিতে কল করুন অথবা
আমাদের সঙ্গে সশরীরে দেখা করুন বা আমাদের ওয়েব অ্যাড্রেসে যান; আমরা
আপনাকে সাহায্য করতে পারলে খুব খুশি হব।

বিষয়বস্তু

সংক্ষিপ্ত বিবরণ

পার্ক সম্পর্কে	1
Adirondack Park Agency সম্পর্কে	1
এই এজেন্সি কীসের সঙ্গে সংযুক্ত নয়	1

যেখান থেকে সবকিছু শুরু হয়েছে

ভূমি ব্যবহারের ক্ষেত্রের শ্রেণীবিভাগ	2
--	---

গুরুত্বপূর্ণ পরিবেশগত এলাকা সম্পর্কে বোঝা

উপকূল, নদী এবং গাছ.....	6
-------------------------	---

অনুমতি দেওয়ার পদ্ধতি


বিচার বিভাগীয় তদন্ত	8
অনুমোদনের পদ্ধতি	8
গণশুনানি কখন অনুষ্ঠিত হয়?	8
একটি প্রকল্পের অনুমোদন দেওয়া	8
শর্তাবলী	9
অন্যান্য অনুমতি	9
এজেন্সির সিদ্ধান্ত বিবেচনা করা যায়	9
প্রয়োগ	9

প্রকল্পের অনুমতির চেকলিস্ট

নোট	12
-----------	----

এজেন্সির সঙ্গে যোগাযোগ করা..... পিছনের কভারের ভিতরের দিক

সংক্ষিপ্ত বিবরণ



বিস্তৃত, প্রাকৃতিক একটি অভয়ারণ্য, The Park, United States এবং Canada-এর 70 মিলিয়ন বাসিন্দার থেকে এক দিনের ভ্রমণের দূরত্বে অবস্থিত।



পার্ক সম্পর্কে

1892 সালে, এই অঞ্চলের জল ও কাঠের সংস্থান সংক্রান্ত উদ্বেগের জন্য New York স্টেট Adirondack Park ("Park") তৈরি করেছিল। বর্তমানে Park সংলগ্ন United States-এর সর্ববৃহৎ সর্বজনীনভাবে সুরক্ষিত এলাকা, আকারে Yellowstone, Everglades, Glacier এবং Grand Canyon জাতীয় উদ্যানের সম্মিলিত আকারের চেয়েও বড়, এবং সমগ্র Vermont স্টেটের আকারের সাথে তুলনীয়। Park-এর সীমানা আনুমানিক 6 মিলিয়ন একর জুড়ে ছড়িয়ে রয়েছে, যার 48 শতাংশ New York স্টেটের সমস্ত মানুষের অধিকারে আছে এবং "চিরকাল আরণ্যক" সংরক্ষিত বন থাকার জন্য সাংবিধানিকভাবে সুরক্ষিত। বাকি 52 শতাংশ হল বেসরকারি মালিকানাধীন জমি যার মধ্যে বসতি, খামার, কাঠের জমি, ব্যবসা, বাড়ি ও ক্যাম্প রয়েছে।

Adirondack Park Agency সম্পর্কে

1971 সালে New York স্টেট আইনসভা দ্বারা Park-এর সীমানার মধ্যে সরকারি এবং বেসরকারি মালিকানাধীন উভয় ধরনের জমির জন্য ভূমি ব্যবহারের দীর্ঘকালীন পরিকল্পনা বিকাশের জন্য Adirondack Park Agency ("APA") তৈরি করা হয়েছিল, যা সাধারণত "ব্লু লাইন" হিসাবে পরিচিত। এজেন্সিটি স্টেটের জমির মাস্টার প্ল্যান তৈরি করেছিল, যা 1972 সালে আইনে স্বাক্ষরিত হয়েছিল এবং তারপর 1973 সালে Adirondack Park Land Use and Development Plan (Adirondack Park ভূমি ব্যবহার ও বিকাশ পরিকল্পনা, "APLUDP") তৈরি করা হয়েছিল। দুটি পরিকল্পনাই পরিবর্তন এবং বর্তমান প্রবণতা ও শর্ত প্রকাশের জন্য নিয়মিতভাবে সংশোধন করা হয়। এজেন্সিটি Park-এর প্রাকৃতিক সংস্থান সংরক্ষণ করার জন্য সচেষ্ট থাকে এবং

Adirondack Park Agency Act (Adirondack Park Agency আইন, যার মধ্যে APLUDP এবং এ থেকে উদ্ভূত বিধি অন্তর্ভুক্ত রয়েছে), New York স্টেট পানীয় জলের জলাভূমির আইন এবং New York স্টেট বন্য, সুদৃশ্য এবং বিনোদনমূলক নদী ব্যবস্থার আইন পরিচালনার মাধ্যমে সুপারিকল্পিত উন্নয়ন নিশ্চিত করে।

APA হল 65 জন কর্মচারী এবং এগারো জন সদস্যের বোর্ড সহ New York স্টেট সরকারের একটি এজেন্সি, যাদের মধ্যে 8 জন গভর্নরের মাধ্যমে নিযুক্ত হন। অন্য তিনজন সদস্য হলেন স্টেটের সেক্রেটারি, পরিবেশ সংরক্ষণ কমিশনার এবং অর্থনৈতিক উন্নয়নের কমিশনার। এজেন্সি বোর্ড এজেন্সি মিটিং চলাকালীন Park-এর নীতি সংক্রান্ত বিষয় এবং অনুমতির আবেদনের উপর কাজ করে। মিটিংগুলি মাসিকভাবে আয়োজিত হয় এবং জনসাধারণের জন্য উন্মুক্ত।

APA অফিসগুলি Ray Brook, NY, Lake Placid ও Saranac Lake-এর মাঝামাঝি অবস্থিত।

এই Park Agency কীসের সঙ্গে সংযুক্ত নয়

- APA, NYS Department of Environmental Conservation (পরিবেশগত সংরক্ষণের দফতর) ("DEC")-এর সহযোগিতায় Park-এর সমস্ত স্টেট অধিকৃত জমি ব্যবহারের জন্য একটি মাস্টার প্ল্যান বিকাশ এবং রক্ষণাবেক্ষণ করার জন্য দায়িত্বপ্রাপ্ত। APA এই স্টেট অধিকৃত জমিগুলি পরিচালনা করে না; স্টেট অধিকৃত জমির পরিচর্যা, হেফাজত ও নিয়ন্ত্রণ DEC-এর দায়িত্ব।
- এই এজেন্সি Adirondack Park-এর সরকারি ক্যাম্পের জমি পরিচালনা করে না। ক্যাম্পের জমি সংক্রান্ত তথ্যের জন্য অনুগ্রহ করে DEC-এর সঙ্গে যোগাযোগ করুন।
- এই এজেন্সি New York স্টেটের পক্ষ থেকে জমি অধিগ্রহণ করে না। আবারও, অনুগ্রহ করে DEC-এর সঙ্গে যোগাযোগ করুন।
- Park Agency আপনার জমির মূল্য নির্ধারণ করে না। অনুগ্রহ করে আপনার টাউন বা গ্রামের মূল্যায়নকারীর সঙ্গে যোগাযোগ করুন।

যেখান থেকে

সবকিছু শুরু হয়েছে



ভূমি ব্যবহারের ক্ষেত্রের শ্রেণীবিভাগ বেসরকারি জমিতে উন্নয়নের ক্ষেত্রে এজেন্সির বিধিগুলি কীভাবে প্রযোজ্য হয় তা নির্ধারণের প্রক্রিয়াটি কীভাবে জমির শ্রেণীবিভাগ করা হয় তার একটি পরীক্ষা দিয়ে শুরু হয়।

শ্রেণীবিভাগের অর্থ কী?

Adirondack Park Land Use and Development Plan (Adirondack Park জমির ব্যবহার ও বিকাশের পরিকল্পনা, “APLUDP”)-তে, পার্কের সমস্ত বেসরকারি জমি ছয়টি বিভাগে শ্রেণীবদ্ধ করা হয়েছে, যা Park পরিকল্পনা মানচিত্রে রঙ দ্বারা চিহ্নিত করা হয়েছে: হ্যামলেট (খয়েরি), মাঝারি তীব্রতায়ুক্ত ব্যবহার (লাল), কম তীব্রতায়ুক্ত ব্যবহার (কমলা), গ্রামীণ ব্যবহার (হলুদ), সংস্থান পরিচালনা (সবুজ) এবং শিল্পের কারণে ব্যবহার (বেগুনি)।

একটি নির্দিষ্ট এলাকার শ্রেণীবিভাগ (পরিকল্পনাটি তৈরি হওয়ার সময় প্রতিষ্ঠিত) এই ধরনের কারণগুলির উপর নির্ভর করে:

- ভূমির বর্তমান ব্যবহার এবং জনসংখ্যা বৃদ্ধির প্যাটার্ন;
- মাটি, ঢাল এবং উচ্চতা সম্পর্কিত ভৌগোলিক সীমাবদ্ধতা;
- গিরিখাত এবং জলপ্রপাতের মতো অনন্য বৈশিষ্ট্য;
- বন্যপ্রাণীর আবাসস্থল, বিরল বা বিপন্ন উদ্ভিদ বা প্রাণী, জলাভূমি এবং ভঙ্গুর বাস্তুতন্ত্র ইত্যাদির মতো জৈবিক কারণ; এবং
- ঐতিহাসিক স্থান, গুরুত্বপূর্ণ স্টেট অধিকৃত জমি থেকে নৈকট্য এবং পার্কের উন্মুক্ত স্থানের মতো চরিত্র সংরক্ষণের প্রয়োজনীয়তার মতো সরকারি বিবেচনা

শ্রেণীবিন্যাস পদ্ধতির উদ্দেশ্য হল এমন ক্ষেত্রগুলিতে বিকাশ পরিচালনা করা, যেখানে এগুলি সবথেকে ভালোভাবে সমর্থিত হতে পারে এবং এই ধরনের বিকাশ বজায় রাখার জন্য কম উপযুক্ত

এলাকাগুলিতে বিকাশের বিস্তার ন্যূনতম করা। নিচে APLUDP-এর ভূমি ব্যবহারের ক্ষেত্রের শ্রেণীবিভাগ এবং তাদের উদ্দেশ্যের একটি সাধারণ বিবরণ দেওয়া হয়েছে:

হ্যামলেট

এগুলি হল Park-এর বৃদ্ধি এবং পরিষেবা কেন্দ্র যেখানে উন্নয়নের জন্য এই এজেন্সি উৎসাহ দেয়। ইচ্ছাকৃতভাবেই, হ্যামলেট এলাকায় এজেন্সি থেকে অনুমতি নেওয়ার প্রয়োজনীয়তা খুবই সীমিত। যে কর্মকাণ্ডগুলির জন্য ওখানে এজেন্সির অনুমতি লাগে, সেগুলি হল, 40 ফিটের বেশি উচ্চতার ভবন বা কাঠামো গড়ে তোলা, 100-এর বেশি লট, সাইট অথবা ইউনিট যুক্ত প্রকল্প, জলাভূমি, বিমানবন্দরযুক্ত প্রকল্প, জলবিভাজিকা পরিচালনার প্রকল্প এবং ভবনগুলির কিছু কিছু সম্প্রসারণ এবং ব্যবহার। সাধারণত ভবিষ্যতের সম্প্রসারণের কথা মাথায় রেখে হ্যামলেটের সীমানা বর্তমানে প্রতিষ্ঠিত বসতির থেকেও বেশ কিছুটা দূরে স্থাপন করা হয়।

মাঝারি তীব্রতায়ুক্ত ব্যবহার

বেশিরভাগ ব্যবহারই অনুমোদিত; তুলনামূলকভাবে কেন্দ্রীভূত আবাসিক উন্নয়ন সবচেয়ে উপযুক্ত।

কম তীব্রতায়ুক্ত ব্যবহার বেশিরভাগ ব্যবহারই অনুমোদিত; হ্যামলেট এলাকা বা মাঝারি তীব্রতায়ুক্ত এলাকার থেকে তুলনামূলক কম তীব্রতায়ুক্ত আবাসিক উন্নয়ন এর উপযুক্ত।

গ্রামীণ ব্যবহার

বেশিরভাগ ব্যবহারই অনুমোদিত; আবাসিক ব্যবহার এবং গ্রামীণ চরিত্র বজায় রেখে তুলনামূলক কম তীব্রতায়ুক্ত উন্নয়ন সবথেকে বেশি উপযুক্ত।

সংস্থান পরিচালনা

সংস্থান পরিচালনার এলাকায় অধিকাংশ উন্নয়ন কর্মকাণ্ডের জন্য এজেন্সি থেকে অনুমতি নেওয়ার প্রয়োজন হয়; সামঞ্জস্যপূর্ণ ব্যবহারের মধ্যে আবাসিক ব্যবহার, কৃষি, এবং বনপালন অন্তর্ভুক্ত আছে। এই সমস্ত জমির প্রাকৃতিকভাবে উন্মুক্ত স্থানের চরিত্র সংরক্ষণ করার জন্য বিশেষ যত্ন নেওয়া হয়।

শিল্পের কারণে ব্যবহার

এগুলি হল এমন স্থান যা কোনো শিল্পের কারণে ব্যবহার করা হয় অথবা আগে ব্যবহার করা হয়েছে এবং ভবিষ্যতে শিল্প বিকাশের জন্য উপযুক্ত হতে পারে। অন্যান্য ভূমি ব্যবহারের ক্ষেত্রের শ্রেণীবিভাগে শিল্পগত ও বাণিজ্যিক ব্যবহারও অনুমোদিত রয়েছে।

টেবিল 1 – সামগ্রিক তীব্রতা নির্দেশিকা

ভূমি ব্যবহারের ক্ষেত্র	ম্যাপের রঙ	গড় # প্রধান ভবন (প্রতি বর্গ মাইল) কোনো সীমা নেই	গড় লট আকার (একর) কোনোটিই নয়
হ্যামলেট	খয়েরি		
মাঝারি তীব্রতায়ুক্ত ব্যবহার	লাল	500	1.3
কম তীব্রতায়ুক্ত ব্যবহার	কমলা	200	3.2
গ্রামীণ ব্যবহার	হলুদ	75	8.5
সংস্থান পরিচালনা	সবুজ	15	42.7
শিল্পের কারণে ব্যবহার	বেগুনি	কোনো সীমা নেই	কোনোটিই নয়



ADIRONDACK PARK LAND USE AND DEVELOPMENT PLAN (Adirondack Park জমির ব্যবহার ও বিকাশের পরিকল্পনা) মানচিত্রে-এর সমস্ত বেসরকারি জমি ছয়টি বিভাগে শ্রেণীবদ্ধ করা হয়েছে, যা বিভিন্ন রঙ দ্বারা চিহ্নিত করা হয়েছে: হ্যামলেট (খয়েরি), মাঝারি তীব্রতায়ুক্ত ব্যবহার (লাল), কম তীব্রতায়ুক্ত ব্যবহার (কমলা), গ্রামীণ ব্যবহার (হলুদ), সংস্থান পরিচালনা (সবুজ) এবং শিল্পের কারণে ব্যবহার (বেগুনি)। Park-এর পরিকল্পনা মানচিত্রের প্রতিনিধিত্ব করা এই অংশটি রঙের মাধ্যমে কোড করা ব্যবস্থাটিকে চিত্রিত করে।



শ্রেণিবিভাগের মাধ্যমে প্রতিষ্ঠা করা হয়েছে। তীব্রতার নির্দেশিকাগুলি বিল্ডিংয়ের জন্য গড় লেটের আকার নির্ধারণ করলেও, সেগুলি লেটের ন্যূনতম আকার নয়; লেটের বিভিন্ন ন্যূনতম আকারও আইনটি দ্বারা প্রতিষ্ঠিত হয়েছে। তীব্রতার নির্দেশিকা প্রয়োগ করার সময় শুধুমাত্র প্রকল্পের স্পনসরের মালিকানাধীন জমিগুলিই বিবেচনা করা হয়। সংলগ্ন জমিতে বর্তমান অথবা প্রস্তাবিত বিল্ডিংকে এর মধ্যে বিবেচনা করা হয় না।

Adirondack Park Agency Act পার্কের মধ্যে যে কোনো স্থানীয় সরকারকে তার নিজস্ব স্থানীয় ভূমি ব্যবহারের প্রোগ্রামগুলি বিকাশের অনুমতি দেয় যা এজেন্সি দ্বারা অনুমোদিত হলে, এজেন্সি থেকে স্থানীয় সরকারের এখতিয়ারে, কিছু অনুমোদনকারী কর্তৃপক্ষ স্থানান্তর করতে পারে।

এজেন্সি দ্বারা অনুমোদিত স্থানীয় জমি ব্যবহারের প্রোগ্রাম সহ টাউন

Essex কাউন্টি: Chesterfield, Newcomb, Westport, Willsboro

Fulton কাউন্টি: Caroga

Hamilton কাউন্টি: Arietta, Indian Lake

St. Lawrence কাউন্টি: Colton

Saratoga কাউন্টি: Day, Edinburg

Warren কাউন্টি: Bolton, Lake George, Lake George Village, Hague, Horicon, Queensbury

এই টাউনগুলিতে, কোনো কোনো পরিস্থিতিতে যদি নিম্নলিখিত নির্দেশিকা ও চেকলিস্ট পরামর্শ দেয় যে Adirondack Park Agency Act থেকে একটি অনুমতি নেওয়ার প্রয়োজন হতে পারে, জমির মালিকের সবসময়ই Adirondack Park Agency পাশাপাশি স্থানীয় আইন প্রশাসক অথবা এনফোর্সমেন্ট অফিসারের সঙ্গে কথা বলে নেওয়া উচিত।

আমার জমি কীভাবে শ্রেণিতে বিভক্ত করা হয়?

পৃথক কোনো জমির ভূমি ব্যবহারের ক্ষেত্রের শ্রেণিবিভাগ নির্ধারণ করতে, আপনাকে এজেন্সি অফিসে লিখে বা কল করে যোগাযোগ করতে হবে।

শ্রেণিবিভাগ কি পরিবর্তন করা যায়?

APA আইনে নির্দিষ্ট পরিস্থিতিতে ভূমি ব্যবহার এবং বিকাশ পরিকল্পনা মানচিত্রে সংশোধনের জন্য ব্যবস্থা রাখা হয়েছে। এই পরিবর্তনগুলি স্থানীয় সরকারের জোনিং এবং ভূমি ব্যবহার কর্মসূচির প্রস্তুতি এবং গ্রহণের জন্য বা পৌরসভার অনুরোধে প্রায়শই ঘটতে পারে এবং ঘটে থাকে। আরও তথ্যের জন্য লিখে বা কল করে এজেন্সির সঙ্গে যোগাযোগ করুন।

APA আইনে ভূমি শ্রেণিবিভাগগুলিকে এমন এলাকায় উন্নয়নের জন্য মনোনীত করা হয় যেখানে এটি সর্বোত্তমভাবে সমর্থিত হবে এবং উন্নয়নের সামগ্রিক ঘনত্ব নিয়ন্ত্রণ করাও এর উদ্দেশ্য। এই আইনে খুব কম কর্মকাণ্ডই নিষিদ্ধ করা হলেও, কিছু কিছু কর্মকাণ্ড নির্দিষ্ট ভূমি ব্যবহারের এলাকায় নিষিদ্ধ করা হয়।

নির্মাণের পরিমাণ—এবং সংশ্লিষ্ট রাস্তা, ক্লিয়ারিং, সহায়তা পরিষেবার উপর সীমানা নির্ধারণ করে—এই আইন Park-এর প্রাকৃতিক, উন্মুক্ত স্থানের চরিত্র বজায় রেখে এর অভ্যন্তরীণ কমিউনিটিগুলি যাতে পরিবেশের প্রতি সংবেদনশীল পদ্ধতিতে বিকশিত হতে পারে, তা নিশ্চিত করতে চায়। সামগ্রিক তীব্রতার নির্দেশিকা ভূমি ব্যবহারের



CEA

সম্পর্কে জানা



Critical Environmental Area (“CEAs”) (গুরুত্বপূর্ণ পরিবেশগত এলাকা) হল Park-এর প্রাকৃতিক পরিবেশের অধিক সংবেদনশীল বৈশিষ্ট্য। এগুলি সাধারণ ভূমি ব্যবহারের এলাকার শ্রেণীবিভাগের উপশ্রেণি এবং এগুলিতে আইনের মাধ্যমে অতিরিক্ত সুরক্ষা প্রদান করা হয়। গুরুত্বপূর্ণ এই পরিবেশগত এলাকাগুলির মধ্যে রয়েছে জলাভূমি, উচ্চতায়ুক্ত উচ্চভূমি, গবেষণার জন্য মনোনীত নদীর চারপাশের এলাকা, রাজ্য বা ফেডারেল হাইওয়ে এবং স্টেটের মালিকানাধীন জমিগুলির নির্দিষ্ট শ্রেণিবিন্যাসের নিকটবর্তী জমি।

CEA-এর মধ্যে পড়ে:

- অগভীর মাটি এবং উন্মুক্ত জায়গা সুরক্ষিত রাখার জন্য 2,500 ফুট বা তার বেশি উচ্চতায় (হ্যামলেট এলাকা ছাড়া) ভূমি;
- স্টেটের জনমানবহীন স্থান, আদিম বা ক্যানো অঞ্চলের 1/8 মাইলের মধ্যে জমি (হ্যামলেট ছাড়া);
- ফেডারেল বা স্টেট হাইওয়ের ডানদিকের প্রান্তের 150 ফুট (গ্রামীণ ব্যবহারের এলাকায়) বা 300 ফুটের মধ্যে (একটি সংস্থান পরিচালনা এলাকায়) জমি;
- জলাভূমি; এবং
- হ্যামলেট এলাকা ছাড়া বন্য সুদৃশ্যযুক্ত এবং বিনোদনমূলক নদী ব্যবস্থায় অন্তর্ভুক্তির জন্য গবেষণার অধীন নদীর 1/4 মাইলের মধ্যে জমি। (আগে থেকেই বন্য, সুদৃশ্যযুক্ত বা বিনোদনমূলক হিসাবে শ্রেণীবদ্ধ নদীগুলির 1/4 মাইলের মধ্যে জমি, হ্যামলেট এবং মাঝারি তীব্রতায়ুক্ত ব্যবহারের এলাকার বাইরে বিশেষ নিয়ন্ত্রণের অধীন এবং এগুলি গুরুত্বপূর্ণ পরিবেশগত এলাকা হিসাবে মনোনীত করা হয় না।)

জলাভূমি– যার মধ্যে রয়েছে জলা, বিল, জলযুক্ত তৃণভূমি অথবা জলাজমি।



APA আইন এবং NYS মিষ্টিজলের জলাভূমির আইনের অধীনে, ভূমির প্রায় সবরকম ব্যবহার, যেমন জলনিকাশ, পানক পরিষ্কার, জলাভূমি ভরাট, কাঠামো, এবং জলাভূমিতে বা এর সঙ্গে জড়িত উপবিভাগের জন্য এজেন্সি থেকে একটি অনুমতি নেওয়া প্রয়োজন।

জলাভূমি কী? জলাভূমিকে এভাবে সংজ্ঞায়িত করা হয়েছে: “যে কোনো জমি যা প্রতি বছর পর্যায়ক্রমিকভাবে বা ধারাবাহিকভাবে জল দ্বারা প্লাবিত হয় এবং যাকে সাধারণত জলা, বিল বা জলাজমি হিসাবে উল্লেখ করা হয় এবং যেগুলি হয় (a) আকারে এক একর, বা (b) এমন কোনো জলাশয়ের সংলগ্ন, যার সাথে জলের অবাধ আদান-প্রদান হয়, যেক্ষেত্রে আকারের কোনো সীমাবদ্ধতা নেই।” ভূপৃষ্ঠের জলের ব্যাকআপ বা স্থায়ী জলের দ্বারা প্রতি বসন্তে প্লাবিত হওয়া সম্পত্তির পাশাপাশি, উচ্চ ভূগর্ভস্থ জল সহ বনাঞ্চলও জলাভূমি হতে পারে।

আমার সম্পত্তিতে কি কোনো জলাভূমি আছে?

জলাভূমি চেনা বেশ কঠিন হতে পারে। ক্যাটটেইল, লিলিপ্যাড বা পিকারেল উইডের মতো গাছপালা খুব ভেজা জায়গার বৈশিষ্ট্য। জলাভূমির অন্যান্য গাছপালার কমিউনিটি

এতটা স্পষ্ট না হলেও ভেজা তৃণভূমি অথবা সুপ্রস জলাভূমির মতো বিচার বিভাগীয় জলাভূমি হিসাবে বিবেচিত হতে পারে। জলাভূমির মুক্তি এবং জল সংক্রান্ত বিদ্যা জলাভূমির উপস্থিতি এবং ব্যাপ্তি নির্ধারণে সাহায্য করতে পারে।

কোনো প্রকল্পের প্রস্তাব করা একজন জমির মালিক তার সম্পত্তিতে কোনো জলাভূমি অবস্থিত কিনা তা নির্ধারণের জন্য এজেন্সির সাথে যোগাযোগ করতে পারেন। একটি বিচার বিভাগীয় তদন্তের পর্যালোচনার অংশ হিসাবে জলাভূমি নির্ধারণ করা হয়। পদ্ধতিটির মধ্যে রয়েছে উপলভ্য থাকলে সরকারি জলাভূমির ম্যাপ বিবেচনা করা এবং এরিয়াল ফোটোগ্রাফির ব্যাখ্যা করা। কোনো প্রকল্পের স্থানের জন্য অনুমতির আবেদনগুলি এজেন্সি থেকে পর্যালোচনা করার সময় এজেন্সির কর্মচারীর স্থানটি পরিদর্শনের সময়ও জলাভূমি শনাক্ত করা হতে পারে।

জলাভূমির ক্ষেত্রে কেন বিশেষ সুরক্ষার প্রয়োজন হয়? জলাভূমি যে কোনো জলাশয়ে জলের প্রবাহ নিয়ন্ত্রণে, বন্যা ও ক্ষয় কমাতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এগুলি দৃশক পদার্থ ফিল্টার করে জলাকে বিশুদ্ধ করে; উদ্ভিদ এবং প্রাণীজগতের বহু প্রজাতির জন্য গুরুত্বপূর্ণ বাসস্থান প্রদান করে।

উপকূলরেখা

নদী ও
জল



প্রযোজ্য হবে। "কাঠামো"-এর মধ্যে রয়েছে ভবন, শেড, বেড়া, ট্যাংক ইত্যাদি।

সেটব্যাকগুলি উপকূলরেখার বিন্দু থেকে তার উচ্চ জলের চিহ্নে অনুভূমিকভাবে পরিমাপ করা হয়। আপনি যদি একটি উল্লম্বমূলক প্রস্তাব বিবেচনা করেন, এজেন্সির কর্মীরা আপনাকে উচ্চ জলের চিহ্ন নির্ধারণ করতে সাহায্য করবেন।

বন্য, সুদৃশ্যযুক্ত

এবং বিনোদনমূলক নদী ব্যবস্থা Adirondack-এর বহু নদী New York স্টেট-এর বন্য, সুদৃশ্যযুক্ত এবং বিনোদনমূলক নদী ব্যবস্থা আইনের অধীনে গৃহীত বিশেষ বিধি এবং অনুমতির প্রয়োজনীয়তার অধীন। এই বিধিগুলি APA আইনে প্রদত্ত বিধিগুলির সঙ্গে প্রযোজ্য হয়।

এজেন্সির বিধিগুলি নির্ধারিত নদী এবং তাদের সংলগ্ন, সাধারণত নদীর কিনারা থেকে 1/4 মাইল পর্যন্ত জমিতে প্রযোজ্য। নিম্নলিখিতভাবে নদী সংক্রান্ত বিধিগুলি জলের গুণমান এবং নান্দনিকতা সুরক্ষিত রাখে:

Adirondack উপকূলরেখা

Park-এর সবথেকে মূল্যবান সংস্থান হল এর হাজার হাজার ছোট ছোট জলের স্রোত, নদী, পুকুর ও লেকের পার্শ্ববর্তী জমি। এজেন্সি প্রশাসিত আইনগুলি সেটব্যাক, লটের প্রস্থ এবং কাটিংয়ের সীমাবদ্ধতা স্থাপনের মাধ্যমে জলের গুণমান এবং Adirondack-এর উপকূলরেখার নান্দনিকতার সুরক্ষা প্রদান করে।

উপকূলরেখার বিধিনিষেধগুলি সমস্ত লেক এবং পুকুর, বন্য, সুদৃশ্যযুক্ত এবং বিনোদনমূলক নদী ব্যবস্থায় অন্তর্ভুক্ত করার জন্য গবেষণার অধীন সমস্ত নদী এবং ক্যানো সহ নৌকা দ্বারা চলাচলযোগ্য সমস্ত নদী ও স্রোতের ক্ষেত্রে প্রযোজ্য।

উপকূলরেখার সেটব্যাক এবং লটের প্রস্থ এজেন্সি থেকে অনুমতির প্রয়োজন হোক বা না হোক উপকূলের বিধিনিষেধ প্রযোজ্য হয় (টেবিল 2 দেখুন)। কোনো বৈষম্য পাওয়া গেলে তবেই বিধিনিষেধ হ্রাস করা যেতে পারে (নিম্নলিখিত টেবিলের আলোচনা দেখুন)।

ডক এবং বোটহাউস/আপনি যদি কোনো ডক বা বোটহাউসের নতুন নির্মাণ বা সম্প্রসারণের পরিকল্পনা করেন তবে আপনাকে জেনে নিতে হবে যে এজেন্সি থেকে কোনো অনুমতি বা পরিবর্তনের প্রয়োজন আছে কিনা। ডক এবং বোট-হাউস ছাড়া 100 বর্গফুটের বেশি আকারের সমস্ত কাঠামোর জন্য উপকূলরেখার সেটব্যাকের বিধিনিষেধ প্রযোজ্য। যাইহোক,

উপকূলরেখার বিধিনিষেধ থেকে অব্যাহতি পেতে ডক এবং বোটহাউসগুলিকে অবশ্যই সুনির্দিষ্ট প্রয়োজনীয়তাগুলি মেনে চলতে হবে।

অনুগ্রহ করে মনে রাখবেন: বন্য, সুদৃশ্যযুক্ত এবং বিনোদনমূলক নদী ব্যবস্থার অন্তর্গত নদীগুলিতে লটের বিস্তৃত প্রস্থ ও সেটব্যাক প্রযোজ্য হবে। স্থানীয় আইনগুলি আরও বেশি সুরক্ষামূলক হতে পারে – স্থানীয় বিল্ডিং ইন্সপেক্টর বা টাউন অফিসগুলিকে কল করুন।

আগে যেমন উল্লেখ করা হয়েছে, 100 বর্গফুটের বেশি আকারের বোটহাউস বা ডক ছাড়া সমস্ত কাঠামোর ক্ষেত্রে সেটব্যাক

টেবিল 2 – উপকূলরেখার বিধিনিষেধ:

লটের ন্যূনতম প্রস্থ এবং সেটব্যাক:

ভূমি ব্যবহারের প্রকার	ন্যূনতম লটের প্রস্থ (ফুট)	ন্যূনতম কাঠামোর সেটব্যাক (ফুট)
হ্যামলেট	50	50
মাঝারি তীব্রতায়ুক্ত ব্যবহার	100	50
কম তীব্রতায়ুক্ত ব্যবহার	125	75
গ্রামীণ ব্যবহার	150	75
সংস্থান পরিচালনা	200	100
শিল্পগত	NA	NA

নোট: পয়ঃনিষ্কাশন ব্যবস্থার জন্য, যে কোনো জলাশয় বা জলাভূমি থেকে ন্যূনতম সেটব্যাক হল 100 ফুট, যা পরিব্রাণ ক্ষেত্র বা অন্যান্য শোষণ উপাদান থেকে উপকূলরেখা বা জলাভূমির নিকটতম বিন্দুতে পরিমাপ করা হয়।

- নদী বরাবর একটি 100-ফুট বাফার স্ট্রিপ স্থাপন করা যেখানে গাছপালা কাটা অত্যন্তভাবে বিধিনিষেধযুক্ত;
- লটের ন্যূনতম প্রস্থ স্থাপন এবং সেটব্যাক তৈরি করা (APA আইনের সেটব্যাকের চেয়ে বড়);
- নদী এলাকায় প্রায় সব সাবডিভিশন, একক পরিবারের বাসস্থান এবং মোবাইল হোমের জন্য এজেন্সি থেকে নদী প্রকল্পের অনুমতির প্রয়োজনীয়তা স্থাপন করা;
- বন্য এবং সুদৃশ্যযুক্ত নদীতে এবং এর সংলগ্ন এলাকায় মোটর বোটিং এবং মোটর চালিত কার্যক্রম সীমাবদ্ধ করা;
- সেতু ও রাস্তা নির্মাণ নিয়ন্ত্রণ করা;
- কাঠামো (যেমন বাঁধ) এবং কার্যক্রম (যেমন পানি পরিষ্কার করা) নিষিদ্ধ করা যা নদীর প্রাকৃতিক প্রবাহকে পরিবর্তিত করবে;
- আইনত বিদ্যমান অসঙ্গতিপূর্ণ ব্যবহারগুলিকে অব্যাহত রাখার অনুমতি দেওয়া, কিন্তু ব্যবহার সম্প্রসারণ বা পরিবর্তনের জন্য অনুমতি বা ভিন্নতার প্রয়োজনীয়তা স্থাপন করা।
- কিছু কিছু “অসামঞ্জস্যপূর্ণ” ব্যবহার নিষিদ্ধ করা; এবং

- বন্য নদীর এলাকায় নতুন কাঠামো নিষিদ্ধ করা।

কোন কোন নদী?

Ausable, Black, Blue Mt. Stream, Bog, Boreas, Boquet, Cedar, Cold, Deer, East Canada Creek, Grasse, Hudson, Independence, Indian, Jordan, Kunjamuk, Long Pond Outlet, Marion, Moose, Oswegatchie, Otter Brook, Raquette, Rock, Sacandaga, St. Regis, Salmon, Saranac, Schroon, West Canada Creek এবং West Stony Creek.

গাছপালা সরানো

সাধারণত, উপকূলবর্তী নয় এমন পার্সেলগুলিতে গাছ কাটার জন্য কোনও প্রয়োজনীয়তা নেই যদি না আপনি 25 উচ্চভূমি একর বা 3 জলাভূমি একরের বেশি পরিষ্কার করার পরিকল্পনা করেন, বা সম্পত্তিটি একটি মনোনীত নদী এলাকায় অবস্থিত হয়। যাইহোক, অনুমতি না পাওয়া পর্যন্ত কোনো প্রকল্পের প্রস্তুতির জন্য গাছ কাটা শুরু নাও হতে পারে; গাছপালা সরানো প্রকল্পটি পর্যালোচনা প্রক্রিয়ার অংশ। এছাড়াও, জলাভূমির মধ্য দিয়ে কাঠের রাস্তা বা স্কিড ট্রেইল নির্মাণের জন্য অনুমতির প্রয়োজনীয়তা রয়েছে।


উপকূলরেখা বরাবর, কাটিং নিম্নলিখিতগুলির মধ্যে সীমাবদ্ধ:

- উপকূলের 6 ফুটের মধ্যে, কোনো একটি লটে উপকূলরেখার 30 শতাংশের বেশি গাছপালা (ঝোপ এবং গাছ) পরিষ্কার করা যাবে না।
- উপকূলের 35 ফুটের মধ্যে, মাটি থেকে 4.5 ফুট উপরে 6 ইঞ্চির বেশি ব্যাসযুক্ত গাছের 30 শতাংশের বেশি 10 বছরের মধ্যে কাটা যাবে না।

নিচের ডায়াগ্রামটি কাটার বিধিনিষেধগুলি বর্ণনা করে।

পরিবর্তন

উপকূলরেখার বাধ্যতামূলক বিধিনিষেধে পরিবর্তনের অনুমতি দেওয়া যেতে পারে যদি, কোনো জমির মালিকের অনুরোধে, এজেন্সি নির্ধারণ করে যে উপকূলীয় উন্নয়ন সংক্রান্ত বিধিনিষেধের কঠোর প্রয়োগের ফলে বাস্তব অসুবিধা বা অবাঞ্ছিত প্রতিকূলতা দেখা দেবে। প্রতিটি পরিবর্তনের অনুরোধের জন্য একটি গণশুনানি আয়োজন করতে হবে।



ডায়াগ্রাম—উপকূলরেখা বরাবর গাছ এবং গাছপালা কাটার ক্ষেত্রে প্রযোজ্য বিধিনিষেধ

অনুমতির পদ্ধতি

সকল প্রকল্পে অনুমতির প্রয়োজন হয় না। যারা করেন তাদের জন্য, এই বিভাগটি অনুমতি প্রক্রিয়ার একটি সংক্ষিপ্ত বিবরণ প্রদান করে।

বিচার বিভাগীয় তদন্ত

এই নির্দেশিকাটি পড়ার পরে, আপনার জমির শ্রেণীবিভাগ খুঁজে বের করার পরে এবং 10 এবং 11 পৃষ্ঠায় চেকলিস্ট ব্যবহার করে, আপনি হয়তো আগে থেকেই জানেন যে আপনার একটি অনুমতি লাগবে, কিন্তু আপনি যদি নিশ্চিত হতে না পারেন তাহলে কী করবেন? *বিচার বিভাগীয় তদন্তের একটি ফর্মের জন্য এজেন্সির সঙ্গে যোগাযোগ করুন।*

বিচার বিভাগীয় তদন্তের ফর্মে আপনার দেওয়া তথ্যের যার মধ্যে আপনার প্রকল্পের বর্ণনা, ট্যাক্স মানচিত্রের নম্বর এবং মালিকানার ইতিহাস এবং সম্পত্তির ব্যবহার রয়েছে উপর নির্ভর করে, এজেন্সির কর্মচারীরা আপনাকে জানিয়ে দেবেন আপনার কোনো অনুমতি প্রয়োজন কিনা।

অনুমোদনের পদ্ধতি

আপনার প্রস্তাবিত প্রকল্পের জন্য এজেন্সির অনুমতির প্রয়োজন আছে তা নির্ধারণ করা



হয়ে গেলে, পরবর্তী পদক্ষেপটি হল উপযুক্ত আবেদন ফর্মটি পূরণ করা। এই ফর্মটি এজেন্সি অফিস থেকে পাওয়া যেতে পারে।

বিশেষ করে বড় বড় প্রকল্পগুলির জন্য, আবেদন পূরণ করার আগে APA কর্মচারীদের সঙ্গে একটি প্রাক-আবেদন মিটিংয়ের সুপারিশ করা হয়। এই মিটিংগুলি প্রায়শই আবেদনটি সম্পূর্ণ করতে এবং এজেন্সির প্রক্রিয়া এবং পর্যালোচনার মান সম্পর্কে সচেতনতা নিশ্চিত করার জন্য সহায়ক হয়। শুরুতেই এজেন্সির সঙ্গে আলোচনা করে আপনি সময় ও অর্থ দুইই সাশ্রয় করতে পারেন।

আবেদনটি APA দ্বারা গৃহীত হলে, এটি একটি পৃথক পর্যালোচনা অফিসারের কাছে পাঠানো হয় যিনি এটি সম্পূর্ণতার জন্য পরীক্ষা করেন। আবেদনটি সম্পূর্ণ কিনা সে ব্যাপারে আপনাকে 15 টি ক্যালেন্ডার দিবসের মধ্যে জানানো হবে। এটি অসম্পূর্ণ থাকলে, আপনাকে নির্দিষ্ট করে জানানো হবে কী কী অতিরিক্ত তথ্য প্রয়োজন। সমস্ত গুরুত্বপূর্ণ প্রকল্পের জন্য, সরকারি বিজ্ঞপ্তি জারি করা হলে তাতে জনসাধারণ তাদের মন্তব্য জানায়। APA আইন নির্দিষ্ট সময়সীমা নির্দিষ্ট করে দেয় যার মধ্যে এজেন্সির বিজ্ঞপ্তি এবং একটি গণশুনানি (যদি প্রয়োজন হয়) আয়োজিত হতে হবে। নির্ধারিত সময়সীমা এজেন্সি ও আবেদনকারী উভয়ের সম্মতিতে বাড়ানো যেতে পারে।

একবার প্রকল্পের আবেদন সম্পূর্ণ হয়ে গেলে (অর্থাৎ প্রকল্প পর্যালোচনা করার জন্য এজেন্সির কাছে প্রয়োজনীয় সমস্ত তথ্য চলে আসলে) প্রকৃত পর্যালোচনা শুরু হবে।

গণশুনানি কখন অনুষ্ঠিত হয়?

অনুমতির আবেদনগুলি বিবেচনা করার জন্য এজেন্সি প্রতি মাসে জনসাধারণের সামনে মিটিংয়ে বসে। পর্যালোচনার জন্য এজেন্সির কাছে আসা প্রকল্পগুলির একটি ছোট শতাংশের জন্য, একটি গণশুনানি আয়োজন করারও সিদ্ধান্ত নেওয়া হয়। নিম্নলিখিত কারণগুলির একটির জন্য গণশুনানির সময় নির্ধারণ করা যেতে পারে:

- বিশেষ করে বড় প্রকল্পগুলির ক্ষেত্রে, জনসাধারণকে তাদের দৃষ্টিভঙ্গি ও মতামত প্রকাশের সুযোগ দেওয়া;
- যদি কোনো প্রকল্প বিতর্কিত হয়;
- যদি প্রকল্পের স্থান সংলগ্ন জমির মালিকদের বিরূপভাবে প্রভাবিত হওয়ার সম্ভাবনা থাকে;
- যদি সংশ্লিষ্ট স্থানীয় সরকারের পক্ষ থেকে একটির অনুরোধ করা হয়; অথবা
- যদি এটি মনে হয় যে প্রকল্পটি অনুমোদনের অযোগ্য হতে পারে (প্রথমে একটি গণশুনানির আয়োজন না করে এজেন্সি কোনো আবেদন অস্বীকার করতে পারে না)।

একটি প্রকল্পের অনুমোদন দেওয়া কর্মীদের *অনুমোদন*। বেশিরভাগ অনুমতির আবেদনগুলির কাজ সম্পূর্ণ এজেন্সি বোর্ড পর্যন্ত না গিয়েই APA কর্মীদের মাধ্যমে – বিশেষ করে, নিয়ন্ত্রক প্রোগ্রামের পরিচালকের মাধ্যমে সম্পন্ন করা হয়। এজেন্সির সদস্যদের সময় নির্ধারিত মাসিক মিটিংগুলির অপেক্ষা না করে কর্মচারী প্রকল্পটির উপর কাজ করা শুরু করলে এই পদ্ধতিটি আবেদনকারীর সময় সাশ্রয় করে।



নিয়ন্ত্রক প্রোগ্রামগুলির পরিচালক শুধুমাত্র প্রকল্পগুলিতে অনুমোদন দিতে পারেন। প্রত্যাখ্যান করার জন্য যে কোনো সুপারিশ অবশ্যই বিবেচনার জন্য এজেন্সি বোর্ডের কাছে পাঠাতে হবে।



এজেন্সি বোর্ডের নিয়ন্ত্রক প্রোগ্রাম কমিটির কাছে নিয়ন্ত্রক প্রোগ্রামগুলির পরিচালকের আরোপিত যেকোনো অনুমতির শর্তের বিরুদ্ধে আপিল করার অধিকার আপনার আছে।

বোর্ডের অনুমোদন/নিম্নলিখিত প্রকল্পগুলির জন্য সবসময় এজেন্সি বোর্ডের অনুমোদনের প্রয়োজন হয়:

- 50 বা তার বেশি লটের সঙ্গে সংযুক্ত সাবডিভিশন;
- এমন কোনো প্রকল্প যার উপর এজেন্সি গণশুনানির আয়োজন করেছে; বা
- কোনো প্রকল্প যার সঙ্গে একটি পরিবর্তন সংযুক্ত রয়েছে।

শর্তাবলী

প্রকল্পের আবেদনগুলির মধ্যে প্রায় 98 শতাংশ আবেদনই অনুমোদিত হয়। ইস্যু করা অনুমতিগুলির মধ্যে বেশিরভাগ ক্ষেত্রেই এমন শর্তাবলী আরোপ করা হয় যার উদ্দেশ্য পরিবেশ ও তার সংলগ্ন ব্যবহার সুরক্ষিত রাখা।

অন্যান্য অনুমতি

অনুগ্রহ করে মনে রাখবেন, আপনার প্রকল্পের জন্য APA অনুমতির পাশাপাশি অন্যান্য অনুমতির (ফেডেরাল, স্টেট ও স্থানীয়) প্রয়োজন হতে পারে।

এজেন্সির সিদ্ধান্ত পুনরায় বিবেচনা করা যায়

এমন পদ্ধতির অস্তিত্ব আছে যা আপনাকে আপনার আবেদন এজেন্সি কর্তৃক অননুমোদিত হলে, আবার সেটি বিবেচনা করার অনুরোধ করতে দেয়। আপনাকে অবশ্যই এগুলি বর্ণনা করতে হবে:

- নতুন আবিষ্কৃত তথ্য বা প্রমাণের অস্তিত্ব আছে; অথবা
- এজেন্সির নীতিতে কোনো পরিবর্তন করা হয়েছে; অথবা
- পূর্বের সিদ্ধান্তটি বস্তুগতভাবে ভুল তথ্যের উপর নির্ভর করে নেওয়া হয়েছিল।

প্রয়োগ

আইনগুলি সঠিকভাবে পরিচালিত এবং মেনে চলা হচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য APA-এর একটি এনফোর্সমেন্ট প্রোগ্রাম রয়েছে। আপনার যদি কোনো প্রশ্ন থাকে অথবা নির্দিষ্ট কোনো বিষয় নিয়ে আলোচনা করতে চান, অনুগ্রহ করে আমাদের কল করুন।





অনুমতির চেকলিস্ট



একটি অনুমতি প্রয়োজন কিনা তা নির্ধারণ করতে আপনাকে সাহায্য করতে এই সহজ চেকলিস্টটি ব্যবহার করুন। আমরা সাহায্য করতে পেরে খুশি। আমাদের 518-891-4050 এ একটি কল দিন।

এজেন্সি দ্বারা পরিচালিত তিনটি আইন—APA আইন, বন্য, সুদৃশ্যযুক্ত এবং বিনোদনমূলক নদী ব্যবস্থার আইন এবং মিষ্টি জলের জলাভূমির আইন—সবগুলিই আপনার প্রকল্পের জন্য এজেন্সির অনুমতির প্রয়োজন হবে কিনা তার উপর প্রভাব ফেলে। নিচের চেকলিস্টটি আপনার কোনো অনুমতির প্রয়োজন হবে কিনা তা নির্ধারণ করতে সাহায্য করবে।

এই চেকলিস্টটি শুধুমাত্র সাধারণ তথ্যের জন্য এবং সম্পূর্ণ নয়।

আপনার প্রকল্পের কোনো অনুমতির প্রয়োজন আছে কিনা সে ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্তের জন্য, আপনাকে এজেন্সিকে কল করতে হবে এবং একটি বিচার বিভাগীয় তদন্তের ফর্ম জমা দিতে হবে। **নিচের বৃত্তগুলির কোনোটিতে টিকচিহ্ন দিলে আপনার একটি অনুমতির প্রয়োজন হবে।**

ভূমি ব্যবহারের শ্রেণীবিভাগ	আপনাকে প্রথমে এটি নির্ধারণ করতে হবে ভূমির শ্রেণীবিভাগের মধ্যে কোন বিভাগে আপনার সম্পত্তি পড়ছে। আপনাকে সহায়তা করার জন্য আপনি এজেন্সির সঙ্গে যোগাযোগ করতে পারেন।
গুরুত্বপূর্ণ পরিবেশগত এলাকার প্রকল্প	<p>গুরুত্বপূর্ণ পরিবেশগত এলাকার মধ্যে জলাভূমি, উচ্চভূমি এবং নির্দিষ্ট নদী, হাইওয়ে এবং স্টেটের মালিকানাধীন জমির কাছাকাছি এলাকা অন্তর্ভুক্ত। এই সমস্ত ভূমি ব্যবহারের ক্ষেত্রে অধিকাংশ উন্নয়নমূলক কর্মকাণ্ড এবং জমির সাবডিভিশনের জন্য APA-এর অনুমতির প্রয়োজন:</p> <ul style="list-style-type: none"> ○ অলাভূমি (এই নির্দেশিকার জলাভূমি সম্পর্কিত বিভাগটি পড়ুন)। ○ 2,500 ফিটের বেশি উচ্চতায়। ○ Oswegatchie, Osgood, Grasse, N. Branch Saranac, N. Branch Boquet, The Branch, East Stony Creek এবং Pleasant Lake Stream-এর অংশ সহ "গবেষণার অধীন" কোনো নদীর 1/4 মাইলের মধ্যে। ("গবেষণার অধীন" কোনো নদী হল এমন নদী যা স্টেটের বন্য, সুদৃশ্যযুক্ত এবং বিনোদনমূলক নদী ব্যবস্থায় অন্তর্ভুক্ত করার জন্য বিবেচনা করা হচ্ছে। অন্যান্য অনেক Adirondack নদী ও স্রোত আগে থেকেই এই ব্যবস্থাতে শ্রেণীভুক্ত করা হয়েছে এবং এর বিশেষ বিধির অধীন।) ○ জনমানবহীন বন্যভূমি, আদিম বা ক্যানো এলাকা হিসাবে শ্রেণীভুক্ত স্টেটের বনাঞ্চলের সংরক্ষিত জমির 1/8 মাইলের মধ্যে। ○ স্টেট বা ফেডারেল হাইওয়ের ডানদিকের 150 ফিটের মধ্যে (শুধুমাত্র গ্রামীণ ব্যবহারের এলাকায়) ○ স্টেট বা ফেডারেল হাইওয়ের ডানদিকের 300 ফিটের মধ্যে (শুধুমাত্র সংস্থান পরিচালনার এলাকায়)।
নির্ধারিত বন্য, সুদৃশ্যযুক্ত এবং বিনোদনমূলক নদী	<ul style="list-style-type: none"> ○ সাধারণত, স্টেটের বন্য, সুদৃশ্যযুক্ত এবং বিনোদনমূলক নদী ব্যবস্থার অন্তর্ভুক্ত কোনো নদীর 1/4 মাইলের মধ্যে প্রকল্পগুলির জন্য একটি APA অনুমতির প্রয়োজন হয়: <i>Ausable, Black, Blue Mt. Stream, Bog, Boreas, Boquet, Cedar, Cold, Deer, East Canada Creek, Grasse, Hudson, Independence, Indian, Jordan, Kunjamuk, Long Pond Outlet, Marion, Moose, Oswegatchie, Otter Brook, Raquette, Rock, Sacandaga, St. Regis, Salmon, Saranac, Schroon, West Canada Creek এবং West Stony Creek.</i>
সাবডিভিশন	<p>সাবডিভিশনগুলির জন্য APA অনুমতির প্রয়োজন হতে পারে। বিক্রয়, ইজারা বা পৃথক মালিকানা বা দখলের যে কোনো উদ্দেশ্যে দুই বা ততোধিক লট, পার্সেল বা বিল্ডিং সাইটে (মালিকের রেখে দেওয়া অংশ সহ) কোনো জমির বিভাজনকে অন্তর্ভুক্ত করার জন্য উপবিভাগগুলিকে মোটামুটিভাবে সংজ্ঞায়িত করা হয়। কোনো পার্সেলে একটি দ্বিতীয় প্রধান ভবন বা বাসস্থান বা একটি দুই-ইউনিটযুক্ত বাসস্থান নির্মাণ হল একটি সাবডিভিশন।</p> <p>কোনো অনুমতির প্রয়োজন আছে কিনা, তা নির্ধারণ করার জন্য বিভিন্ন কারণগুলি পরীক্ষা করে দেখা হয়, যার মধ্যে আছে:</p> <ul style="list-style-type: none"> • 22 মে, 1973-এ জমির মূল পার্সেল যেমন ছিল, তা থেকে তৈরি হওয়া লট, পার্সেল বা সাইটের মোট সংখ্যা; • প্রস্তাবিত সাবডিভিশনের সবথেকে ছোট লটের আকার; এবং • সাবডিভিশনের সবথেকে ছোট উপকূলরেখার লটের প্রস্থ।

	<p>একটি APA অনুমতির প্রয়োজন হয়:</p> <ul style="list-style-type: none"> ○ যদি 22 মে, 1973-এর মূল পার্সেল থেকে তৈরি হওয়া লট, সাইট অথবা আবাসিক ইউনিটের মোট সংখ্যা এর সমান বা বেশি হয়: <table border="0" style="margin-left: 20px;"> <tr> <td>100 হ্যামলেটের মধ্যে</td> <td>10 কম তীব্রতায়ুক্ত ব্যবহারের এলাকায়</td> </tr> <tr> <td>15 মাঝারি তীব্রতায়ুক্ত ব্যবহারের এলাকায়</td> <td>5 গ্রামীণ ব্যবহারের এলাকায়</td> </tr> </table> ○ কোনো সংস্থান পরিচালনার এলাকা, শিল্পের কারণে ব্যবহারের এলাকার কোনো সাবডিভিশনের জন্য অথবা নির্ধারিত কোনো বন্য, সুদৃশ্যযুক্ত অথবা বিনোদনমূলক নদীর এলাকার মধ্যে ○ পুরো সাবডিভিশনের জন্য যদি প্রস্তাবিত সাবডিভিশনে কোনো অ-উপকূলবর্তী লট এর চেয়ে কম হয়: <table border="0" style="margin-left: 20px;"> <tr> <td>40,000 বর্গ ফুট (0.92 একর)</td> <td>মাঝারি তীব্রতায়ুক্ত ব্যবহারের এলাকা</td> </tr> <tr> <td>120,000 বর্গ ফুট (2.75 একর)</td> <td>কম তীব্রতায়ুক্ত ব্যবহারের এলাকা</td> </tr> <tr> <td>320,000 বর্গ ফুট (7.35 একর)</td> <td>গ্রামীণ ব্যবহারের এলাকা</td> </tr> </table> ○ প্রকল্পে যদি কোনো উপকূলবর্তী* লট সংযুক্ত থাকে যদি ক্ষুদ্রতম লট এলাকা বা উপকূলবর্তী লটের প্রস্থের পরিমাপ এর থেকে কম হয়: <table border="0" style="margin-left: 20px;"> <tr> <td>হ্যামলেট</td> <td>প্র/না</td> <td>50 ফুট</td> </tr> <tr> <td>মাঝারি তীব্রতায়ুক্ত ব্যবহারের এলাকা</td> <td>25,000 বর্গ ফুট (0.57 একর)</td> <td>100 ফুট</td> </tr> <tr> <td>কম তীব্রতায়ুক্ত ব্যবহারের এলাকা</td> <td>50,000 বর্গ ফুট (1.14 একর)</td> <td>125 ফুট</td> </tr> <tr> <td>গ্রামীণ ব্যবহারের এলাকা</td> <td>80,000 বর্গ ফুট (1.83 একর)</td> <td>150 ফুট</td> </tr> <tr> <td>সংস্থান পরিচালনার এলাকা</td> <td>42.7 একর</td> <td>200 ফুট</td> </tr> </table> <p style="margin-left: 20px;">* সংশ্লিষ্ট ভূমি ব্যবহারের এলাকার জন্য একটি উপকূলরেখার লটের মধ্যে জল থেকে ন্যূনতম সেটব্যাক দূরত্বের মধ্যে আংশিক বা সম্পূর্ণভাবে অবস্থিত যে কোনো লট অন্তর্ভুক্ত। আপনার সাইট বন্য, সুদৃশ্যযুক্ত অথবা বিনোদনমূলক নদী এলাকায় অবস্থিত হলে পৃথক উপকূলরেখার দৈর্ঘ্য প্রযোজ্য হবে।</p> 	100 হ্যামলেটের মধ্যে	10 কম তীব্রতায়ুক্ত ব্যবহারের এলাকায়	15 মাঝারি তীব্রতায়ুক্ত ব্যবহারের এলাকায়	5 গ্রামীণ ব্যবহারের এলাকায়	40,000 বর্গ ফুট (0.92 একর)	মাঝারি তীব্রতায়ুক্ত ব্যবহারের এলাকা	120,000 বর্গ ফুট (2.75 একর)	কম তীব্রতায়ুক্ত ব্যবহারের এলাকা	320,000 বর্গ ফুট (7.35 একর)	গ্রামীণ ব্যবহারের এলাকা	হ্যামলেট	প্র/না	50 ফুট	মাঝারি তীব্রতায়ুক্ত ব্যবহারের এলাকা	25,000 বর্গ ফুট (0.57 একর)	100 ফুট	কম তীব্রতায়ুক্ত ব্যবহারের এলাকা	50,000 বর্গ ফুট (1.14 একর)	125 ফুট	গ্রামীণ ব্যবহারের এলাকা	80,000 বর্গ ফুট (1.83 একর)	150 ফুট	সংস্থান পরিচালনার এলাকা	42.7 একর	200 ফুট
100 হ্যামলেটের মধ্যে	10 কম তীব্রতায়ুক্ত ব্যবহারের এলাকায়																									
15 মাঝারি তীব্রতায়ুক্ত ব্যবহারের এলাকায়	5 গ্রামীণ ব্যবহারের এলাকায়																									
40,000 বর্গ ফুট (0.92 একর)	মাঝারি তীব্রতায়ুক্ত ব্যবহারের এলাকা																									
120,000 বর্গ ফুট (2.75 একর)	কম তীব্রতায়ুক্ত ব্যবহারের এলাকা																									
320,000 বর্গ ফুট (7.35 একর)	গ্রামীণ ব্যবহারের এলাকা																									
হ্যামলেট	প্র/না	50 ফুট																								
মাঝারি তীব্রতায়ুক্ত ব্যবহারের এলাকা	25,000 বর্গ ফুট (0.57 একর)	100 ফুট																								
কম তীব্রতায়ুক্ত ব্যবহারের এলাকা	50,000 বর্গ ফুট (1.14 একর)	125 ফুট																								
গ্রামীণ ব্যবহারের এলাকা	80,000 বর্গ ফুট (1.83 একর)	150 ফুট																								
সংস্থান পরিচালনার এলাকা	42.7 একর	200 ফুট																								
<p>একক পরিবারের বাসস্থান</p>	<p>এই স্থানে একক পরিবারের বাসস্থান বা মোবাইল হোমের জন্য একটি APA অনুমতির প্রয়োজন:</p> <ul style="list-style-type: none"> ○ সংস্থান পরিচালনার এলাকা ○ শিল্পের কারণে ব্যবহারের এলাকা ○ গুরুত্বপূর্ণ পরিবেশগত এলাকা ○ নির্ধারিত নদী এলাকা ○ জলাভূমি (মধ্যবর্তী অথবা নিকটবর্তী) <p>জমির অন্যান্য শ্রেণিবিভাগে, কোনো লটে আগে থেকেই কোনো বাসস্থান বা প্রধান ভবন থাকলে একক পরিবারের বাসস্থান নির্মাণ করতে গেলে তা একটি সাবডিভিশন হিসাবে এজেন্সির পর্যালোচনার অধীন হতে পারে।</p>																									
<p>অন্যান্য প্রকল্প</p>	<p>এই কারণে একটি APA অনুমতির প্রয়োজন হয়:</p> <ul style="list-style-type: none"> ○ 40'-এর বেশি উচ্চতার কাঠামো। দ্রষ্টব্য: একটি কাঠামোর সর্বোচ্চ বিন্দু থেকে প্রাকৃতিক বা সম্পন্ন গ্রেডের সর্বনিম্ন বিন্দু পর্যন্ত উচ্চতা পরিমাপ করা হয়। ○ হ্যামলেট ছাড়া সমস্ত এলাকায় কোনো নতুন বাণিজ্যিক বা শিল্পগত ব্যবহার। ○ APA আইনে আঞ্চলিক প্রকল্পের তালিকায় অন্তর্ভুক্ত একটি বর্তমান ব্যবহার বা কাঠামোর মোট 25% বা তার বেশি সম্প্রসারণ (এ ধরনের সম্প্রসারণ একবারে বা একটি সম্প্রসারিত সময়কাল ধরে করা হবে কিনা)। হ্যামলেট এলাকা ছাড়া সব জায়গাতেই আকার, বর্গ ফুটেজ বা ধারণক্ষমতার মাধ্যমে সম্প্রসারণ পরিমাপ করা হয়। ○ যে কোনো একাধিক পরিবারের আবাস, যেমন, দুই বা তার বেশি পৃথক আবাসিক ইউনিটযুক্ত কাঠামো। এটি হ্যামলেট এলাকা ছাড়া অন্য সমস্ত ভূমি ব্যবহারের এলাকায় প্রযোজ্য। <p>একটি এজেন্সি-অনুমোদিত স্থানীয় ভূমি ব্যবহার প্রোগ্রাম দ্বারা নিয়ন্ত্রিত এলাকায়, সাধারণত এজেন্সির অনুমতি প্রয়োজন এমন কিছু প্রকল্পের জন্য শুধুমাত্র একটি স্থানীয় অনুমতির প্রয়োজন হবে।</p> <p>এজেন্সির অনুমতির প্রয়োজন নির্বিশেষে উপকূলবর্তী বিধিনিষেধ লেক, পুকুর, নদী ও স্রোতের পার্শ্ববর্তী এলাকায় প্রযোজ্য হবে।</p>																									

নোট

A large grid of graph paper, consisting of 20 columns and 30 rows of small squares, intended for taking notes.

এজেন্সির সঙ্গে

যোগাযোগ করা

কল করার সময়, এই নির্দেশিকাটি হাতের কাছে রাখবেন। কাগজ ও পেন্সিলও সাথে নিয়ে কল করবেন।

এই সম্পর্কিত প্রশ্নের জন্য...

- ভূমি ব্যবহারের শ্রেণীবিভাগ বা একটি নির্দিষ্ট পার্সেলে জলাভূমির উপস্থিতি:

বিচার বিভাগীয় তদন্ত অফিসের সঙ্গে কথা বলার অনুরোধ করুন।

সম্পত্তির প্রাথমিক কিছু তথ্য প্রস্তুত রাখুন, যার মধ্যে রয়েছে:

ট্যাউন অথবা গ্রাম

মালিকের নাম

পার্সেল নম্বর— এটি তিনটি নম্বরের একটি সেট (আপনার সামাজিক নিরাপত্তা নম্বরের মতো হাইফেন দিয়ে পৃথক করা থাকে) যা আপনার ট্যাক্স বিলে দেখা যায়। এছাড়াও আপনি এই নম্বরটি আপনার স্থানীয় মূল্যায়নকারী বা কাউন্টির প্রকৃত সম্পত্তি কর পরিষেবা থেকে পেতে পারেন।

- অনুমতি আবেদনের স্ট্যাটাস যা আপনি এখানে পাঠিয়েছেন:

নিয়ন্ত্রক প্রোগ্রামগুলির জন্য অনুরোধ করুন।

আপনার কোনো প্রকল্প নম্বর এবং বরাদ্দকৃত পর্যালোচক থাকলে, বিশেষভাবে তার জন্য অনুরোধ করুন। অনুগ্রহ করে মনে রাখবেন এই সমস্ত লোকজন বেশিরভাগ সময়েই ফিল্ডে থাকেন। নির্দিষ্ট প্রশ্ন এবং আপনার প্রকল্প নম্বর সহ ভয়েস মেইল মেসেজ পাঠালে তা আমাদের জন্য খুবই সহায়ক হবে।

- একটি অন-সাইট জলাভূমি নির্ধারণের অনুরোধ:

আপনাকে সংস্থান বিশ্লেষণ ইউনিটের জলাভূমি বিশেষজ্ঞের কাছে নির্দেশিত করা হবে। আপনি যদি কোনো ভয়েস মেইল মেসেজ পাঠান, সম্পত্তির অবস্থানটি তাতে উল্লেখ করা প্রয়োজন। অ্যাপয়েন্টমেন্টের সময় নির্ধারণ করার জন্য কর্মচারী আপনার সঙ্গে যোগাযোগ করবেন।

- একটি ধারাবাহিক প্রয়োগের ব্যাপার:

নির্ধারিত প্রয়োগ তদন্তকারীর সঙ্গে কথা বলার জন্য অনুরোধ করুন।

- একটি সম্ভাব্য লঙ্ঘনের ব্যাপারে অভিযোগ জানানো:

বিচার বিভাগীয় তদন্ত অফিসের সঙ্গে কথা বলার অনুরোধ করুন। অনুগ্রহ করে মনে রাখবেন সম্পত্তির অবস্থান ছাড়া আমরা কোনো লঙ্ঘনের অভিযোগের তদন্ত করতে পারি না। একটি সম্ভাব্য লঙ্ঘনের অভিযোগ করার সময় আপনাকে নিজের পরিচয় দিতে হবে না।

- Park-এর প্রাকৃতিক অথবা সাংস্কৃতিক সংস্থান:

প্রশ্নগুলি পরিকল্পনা বিভাগ বা সংস্থান বিশ্লেষণ ইউনিটে পাঠানো হবে। এজেন্সির ওয়েবসাইট www.apa.ny.gov-এ তথ্য উপলভ্য রয়েছে

- মানচিত্র সংশোধন:

প্রশ্নগুলি পরিকল্পনা বিভাগে পাঠানো হবে।

(518) 891- 4050

NEW YORK STATE ADIRONDACK PARK AGENCY

P.O. Box 99 Ray Brook, New York 12977

www.apa.ny.gov



NEW YORK STATE
ADIRONDACK PARK AGENCY
P.O. Box 99
Ray Brook, New York 12977
(518) 891-4050
www.apa.ny.gov